Dhaka Power Distribution Co. Ltd.

(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh)

Biddut Bhabon (2nd Floor), 1 Abdul Gani Road, Dhaka -1000

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

নিলাম পরিচিতি নং -১৩৬

১	মন্ত্রণালয়/বিভাগ	বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ		
২	এজেন্সী	ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড		
৩	নিলামকারী দপ্তরের নাম	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চুক্তি ও ক্রয় সার্কেল, ডিপিডিসি		
৪	নিলামকারী দপ্তরের জেলা	ঢাকা		
৫	কাজের নাম	ডিপিডিসির হাতিরপুলস্থ ওয়ার্কশপ ও ক্যাম্পাসের অভ্যন্তরে থাকা বিভিন্ন মালামালসহ সাবেক পোস্তগোলা ও সাতমসজিদ সার্কেল হতে প্রাপ্ত ওয়ার্কশপে রক্ষিত বিভিন্ন মালামালের নিলাম।		
৬	বিজ্ঞপ্তি সূত্র নং	ডিপিডিসি/তঃপ্রঃ(সিএন্ডপি)/ই-অকশন/২০১৯-২০/০৭		
৭	তারিখ	২৩ ডিসেম্বর ২০১৯		
৮	নিলাম পদ্ধতি	খোলা দরপত্র		
৯	নিলামে আবেদন/দরপত্র দাখিল/দরপত্র খোলার তারিখ ও সময়	আবেদনের শুরুর তারিখ ও সময়	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
		২৩ ডিসেম্বর ২০১৯, ১০ : ০০ দুপুর	০৭ জানুয়ারী ২০২০, ০১ : ০০ দুপুর	০৭ জানুয়ারী ২০২০, ০৩ : ০০ দুপুর

দরদাতার জন্য তথ্যাবলী

১১	দরদাতার যোগ্যতা	১. নিলাম ক্রয়কারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধ, ভ্যাট নিবন্ধন সনদপত্র থাকতে হবে। ২. নিলাম ক্রয়কারী প্রতিষ্ঠানের নগদ অর্থ/ ঋণ সুবিধার ন্যূনতম পরিমাণ হতে হবে ৳১৯,০০,০০০ (উনিশ লক্ষ) টাকা মাত্র।
১২	ই-অকশনের আবেদন ফী	৳ ২,৫০০.০০ /= (দুই হাজার পাঁচশত) টাকা মাত্র (অফেরতযোগ্য) ই-অকশনের আবেদন ফী হিসেবে সংশ্লিষ্ট ব্যাংকে জমাদানের মাধ্যমে নিলামে অংশগ্রহন করতে হবে।
১৩	দরপত্র/নিলামের জামানত	৳ ৪,০০,০০০.০০ (চার লক্ষ) মাত্র (ফেরতযোগ্য) EBL এর যে কোন শাখায় নিলামের সিকিউরিটি মানি হিসেবে জমাদানের মাধ্যমে নিলামের সিডিউলে অ্যাক্সেস করতে হবে।
১৪	কাজ সমাপ্তির সময়	ডেলিভারি অর্ডার জারীর ৪৫ দিনের মধ্যে।
১৫	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম	মর্তুজা কামরুল আলম
১৬	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার পদবী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী
১৭	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার দাপ্তরিক ঠিকানা	চুক্তি ও ক্রয় সার্কেল, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, চতুর্থ তলা, ১, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
১৮	দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ফোন নম্বর	০২-৯৫৬৭২৫৮
১৯	শর্তাবলী	১. এটি একটি অন-লাইন ভিত্তিক নিলাম প্রক্রিয়া, নিলামে আগ্রহী দরদাতাগণ https://auction.dpdc.org.bd ওয়েবসাইটের মাধ্যমে নিলামে অংশগ্রহণ করতে পারবেন। এজন্য দরদাতাকে ডিপিডিসি'র ই-অকশন সিস্টেমে নিবন্ধিত হতে হবে। ই-অকশন সিস্টেমে নিবন্ধনের জন্য দরদাতা কোম্পানীর নাম, ইমেইল ও মোবাইল নম্বর প্রয়োজন হবে। ২. ডিপিডিসি'র ই-অকশন সিস্টেমের মাধ্যমে অনলাইনে নিলাম দরপত্র দাখিল করতে হবে। ডাক, কুরিয়ার

সার্ভিস কিংবা ফ্যাক্সের মাধ্যমে প্রাপ্ত কোন "নিলাম দরপত্র" গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

৩. ই-অকশন সিস্টেমে নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

৪. ই-অকশন সিস্টেম ব্যবহার করে কোন ধরনের কারিগরি ত্রুটির (ইন্টারনেট সংযোগ না থাকা বা ধীর গতি / corrupted/ virus infected file ডাউনলোড বা আপলোড করতে না পারা ইত্যাদি) জন্য যথা সময়ে দর প্রদান করতে না পারার দায় কর্তৃপক্ষ বহন করবে না; বরং দরদাতার উপর বর্তাবে।

৫. আংশিক মালামালের জন্য দরপত্র দাখিল করা যাবে না এবং তা গ্রহণযোগ্য হবে না।

৬. শর্তাধীন/শর্তযুক্ত (Conditional) নিলাম দর গ্রহণযোগ্য হবে না।

৭. দরপত্র প্রস্তাবের বৈধতার মেয়াদ দরপত্র দাখিলের শেষ সময় হতে ১২০(একশত বিশ) দিন পর্যন্ত বলবত থাকবে।

৮. হালনাগাদ ট্রেড লাইসেন্স (স্ক্যানড কপি) অনলাইনে দাখিল করতে হবে।

৯. আয়কর সনদপত্র (স্ক্যানড কপি) অনলাইনে দাখিল করতে হবে।

১০. ভ্যাট নিবন্ধন সনদপত্র (স্ক্যানড কপি) অনলাইনে দাখিল করতে হবে।

১১. ব্যাংক সলভেন্সি / ব্যাংক স্টেটমেন্ট/ ব্যাংক ক্রেডিট লেটার (স্ক্যানড্ কপি) অনলাইনে দাখিল করতে হবে।

১২. প্রতিষ্ঠানের মালিকের জাতীয় পরিচয় পত্র (স্ক্যানড কপি) অনলাইনে দাখিল করতে হবে।

১৩. যে মালামাল ডেলিভারি নিবে তার স্বাক্ষর সত্যায়িত করে অথরাইজেশন লেটার (স্ক্যানড কপি) অনলাইনে দাখিল করতে হবে।

১৪. যে মালামাল ডেলিভারি নিবে তার জাতীয় পরিচয় পত্র (স্ক্যানড কপি) অনলাইনে দাখিল করতে হবে।

১৫. নিলাম দরদাতা নিলামের মালামালসমূহ নির্বাহী প্রকৌশলী,ওয়ার্কশপ,ডিপিডিসি, ঢাকা এর পূর্ব অনুমতি সাপেক্ষে ভাণ্ডারে যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় সরজমিনে প্রত্যক্ষ করতে হবে এবং বাস্তব অবস্থা অনুযায়ী দর প্রস্তাব করতে হবে।

১৬. নিলামকৃত মালামালের বিপরীতে কোন warranty প্রযোজ্য হবে না।

১৭. গ্রহণযোগ্য সর্বোচ্চ দরদাতার (Technically Responsive Highest Bidder) অনুকূলে NOA প্রদান করা হবে।

১৮. দর প্রদানের সময়, ভ্যাট/ট্যাক্স সহ দ্রব্যমূল্য উদ্ধৃত করতে হবে। বিজয়ী দরদাতা চূড়ান্ত পর্যায়ে তার উদ্ধৃত মুল্য পরিশোধের পর বিধি মোতাবেক ধার্যকৃত ভ্যাট/ট্যাক্স কর্তন করে সরকারী কোষাগারে জমাদান করা হবে।

১৯. ডিপিডিসি কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক নিলাম দরদাতাকে মূল নথি/কাগজপত্র প্রদর্শন করতে হবে। দরপত্র মূল্যায়নকালে আংশিক(Partial), জাল(Forged) বা নকল(Fake) নথি-কাগজপত্র পাওয়া গেলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

২০. ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

২১. সমুদয় অর্থ জমাদানের পর ডিপিডিসি কর্তৃপক্ষ Delivery Order ইস্যু করবেন। Delivery Order ইস্যুর ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে নিলামকৃত সকল মালামাল বিজয়ী দরদাতাকে নিজ খরচে ও নিজ দায়িত্বে নির্ধারিত স্থান হতে যথাশীঘ্র গ্রহণ করতে হবে। বর্ণিত সময়ের পর মালামালের কোনো প্রকার ক্ষতি বা চুরির ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২২. NOA প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে বিজয়ী দরদাতাকে সংশ্লিষ্ট নিলামের দরপত্রে উদ্ধৃত মূল্য এবং বিধি মোতাবেক ধার্যকৃত ভ্যাট/ট্যাক্স অনলাইনে প্রস্তুত টোকেনের মাধ্যমে নির্দিষ্ট ব্যাংকে জমা দিতে হবে। টোকেনের বিপরীতে একটি ট্রাজেকশনের মাধ্যমে সম্পূর্ণ টাকা একবারে জমা দিতে হবে। আংশিক বা মেশিনে টাকা জমা গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়সীমার মধ্যে প্রদেয় অর্থ জমা দিতে ব্যর্থ হলে NOAটি বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট দরদাতার জামানত বাজেয়াপ্ত (forfeit) করা হবে।

২৩. Delivery Order এ নির্ধারিত সময়ের মধ্যে মালামাল গ্রহণে ব্যর্থ হলে প্রতি দিন বিলম্বের জন্য মূল চুক্তি মূল্যের ০.০৫% হারে সর্বোচ্চ ৫% জরিমানা আদায় যোগ্য হবে।

২৪. ডিপিডিসি কর্তৃক গঠিত ডেলিভারি কমিটির উপস্থিতিতে তাঁদের ছাড়পত্র অনুযায়ী মালামাল গ্রহণ করতে হবে।

২৫. নিলামটি লট ভিত্তক,নিলামের মালামাল "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে সরবরাহ করা হবে। মালামাল লট ভিত্তিক হওয়ায় মূল্য সমন্বয় যোগ্য নয়।

২৬. Delivery Order প্রদানের পর অকৃতকার্য নিলাম দরদাতাগণকে জামানত ফেরত দেওয়া হবে। আর মালামাল ডেলিভারির পর বিজয়ী দরদাতার জামানত বিলম্ব মাসুল সমন্বয়পূর্বক ফেরত দেয়া হবে।

২৭. দরপত্র দাখিলের তারিখ, সময় ও শর্তাবলী পরিবর্তনের ক্ষমতা দরপত্র আহবানকারী সংরক্ষণ করেন।

২৮. শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে কোন জটিলতার সৃষ্টি হলে দরপত্র আহবানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন নিলাম দরপত্র গ্রহণ বা সকল নিলাম দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

			৩০. ডিপিডিসি'র ই-অকশন সিস্টেমের মাধ্যমে নিলামে অংশগ্রহণ সংক্রান্ত কোন কারিগরি সহায়তা ও ব্যাখ্যার প্রয়োজনে অফিসকালীন সময়ে ই-অকশন হেল্প লাইনে (জুনিয়রি এসিস্টেন্ট ম্যানেজার-আইসিটি ০১৭০৯৬৩০৪৩৩ ও উপ-ব্যবস্থাপক, আইসিটি- ০১৭৩০৩৩৫০৫১) যোগাযোগ করা যাবে। এছাড়া নিলামে অংশগ্রহণের বিস্তারিত প্রক্রিয়া সম্পর্কে জানার জন্য নিম্নের লিঙ্ক দেখা যেতে পারে- (ক) FAQ: https://auction.dpdc.org.bd/Home/FAQ (খ) Manual: https://tinyurl.com/ydyrozyv